মেহেরপুর আমঝুপিতে নারীদের মাঝে মউকের সেলাই মেশিন বিতরণ

মেহেরপুরের আমঝুপিতে উদ্যোক্তা সৃষ্টি ও জীবন-জীবিকার উন্নয়নে দরিদ্র অসহায় নারীদের মাঝে সেলাই মেশিন ও সিট কাপড় বিতরণ করা হয়েছে।

দক্ষতামূলক সেলাই প্রশিক্ষণ ও সেলাই মেশিন বিতরণের মাধ্যমে জীবন-জীবিকার উন্নয়ন প্রকল্পের আওতায় বুধবার সকাল ১০টার দিকে মানব উন্নয়ন কেন্দ্রের (মউক) হলরুমে এ উপলক্ষে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের সহায়তায় অনুষ্ঠানের আয়োজন করে মউক।

মউকের নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিমের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালক মোঃ নাসিমা খাতুন এবং উপজেলা সমাজসেবা অফিসার মোঃ আনিসুর রহমান।

অনুষ্ঠানে আমঝুপি, বারাদি ও পিরোজপুর ইউনিয়নের ২০ জন দরিদ্র ও অসহায় নারীর মাঝে সেলাই মেশিন ও সিট কাপড় বিতরণ করা হয়। প্রধান অতিথি তাদের হাতে এসব উপকরণ তুলে দেন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন মানবাধিকার কর্মী সাদ আহমেদ।

বক্তারা বলেন, নারীদের দক্ষতা উন্নয়ন ও স্বাবলম্বী করতে এ ধরনের উদ্যোগ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। এতে তারা নিজেরাই আয়-উপার্জনের মাধ্যমে পরিবারে অবদান রাখতে পারবেন এবং উদ্যোক্তা হিসেবে গড়ে উঠবেন।

মেহেরপুরের আমঝুপিতে মউকের উদ্যোগে ঈদ প্যাকেজ বিতরণ

পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে মানবাধিকার সংগঠন মানব উন্নয়ন কেন্দ্রের (মউক) আয়োজনে মঙ্গলবার বেলা দুইটার দিকে মউকের প্রধান কার্যালয় চত্ত্বরে এলাকার প্রায় দুইশতাধিক অসহায় নারী, পুরুষ ও প্রতিবন্ধী ব্যক্তির মাঝে ঈদ প্যাকেজ বিতরণ করা হয়েছে।

ঈদ প্যাকেজে চাউল, ডাল, তেল, আলু, সেমাই, আটা, চিনি, সাবান, শ্যাম্পু সহ অন্যান্য প্রয়োজনীয় ঈদ সামগ্রী রাখা হয়। বিতরণ অনুষ্ঠানে উপস্থিত থেকে এসব ঈদ সামগ্রী বিতরণ করেন মউকের নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম।

মউক প্রতিবছর নিজস্ব উদ্যোগে দরিদ্র, অসহায় ও প্রতিবন্ধী ব্যক্তিদের মাঝে এ ধরনের ঈদ উপহার বিতরণ করে আসছে, যা এলাকার মানুষের জন্য আনন্দের উৎস হিসেবে বিবেচিত।

মেহেরপুরের আমঝুপিতে মউক প্রধান কার্যালয়ে তালা ভেঙে চুরি

মেহেরপুরের আমঝুপিতে অবস্থিত স্থানীয় মানবাধিকার সংগঠন মানব উন্নয়ন কেন্দ্রের (মউক) প্রধান কার্যালয়ে তালা ভেঙে পরিকল্পিতভাবে দুঃসাহসিক চুরির ঘটনা ঘটেছে।

ঘটনার বিবরণে জানা গেছে, আজ শনিবার সকাল আটটার দিকে অফিস খোলার সময় প্রধান গেটের দুটি তালা ভাঙা দেখতে পান কর্মচারীরা। পরে অফিসে প্রবেশ করে তারা আরও তিনটি কক্ষের তালা ভাঙা দেখতে পান। কক্ষের ভেতরে রক্ষিত নগদ ৩০ হাজার টাকা, একটি ল্যাপটপ ও মূল্যবান ডকুমেন্ট চুরি হয়েছে বলে প্রাথমিকভাবে নিশ্চিত করেছে সংস্থার

প্রশাসনিক বিভাগ।

বিষয়টি তাৎক্ষণিকভাবে মেহেরপুর সদর থানায় জানানো হলে পুলিশের একটি দল ঘটনাস্থল পরিদর্শন করে এবং তদন্ত শুরু করে।
এ বিষয়ে মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ মো. হুমায়ুন কবীর জানান, ঘটনার তদন্ত অব্যাহত রয়েছে এবং সংস্থার পক্ষ থেকে একটি মামলা দায়ের করা হয়েছে।

সংস্থার পক্ষ থেকে দাবি করা হয়েছে, মউকের প্রধানকে নানাভাবে ক্ষতিগ্রস্ত করা এবং অফিসের উন্নয়নমূলক কর্মকাণ্ডে বাধা সৃষ্টি করতে কিছু দুর্বৃত্ত পরিকল্পিতভাবে এ ধরনের হীনচক্রান্ত করে চুরির ঘটনা ঘটিয়েছে।

স্থানীয় পুলিশ প্রশাসনের কাছে তদন্তের মাধ্যমে জড়িত ব্যক্তিদের আইনের আওতায় আনার দাবি জানিয়েছেন।

মেহেরপুরে চকশ্যামনগর প্রাথমিক বিদ্যালয়ে মউকের আয়োজনে ‘শিশুবরণ’ উৎসব অনুষ্ঠিত

মেহেরপুর সদর উপজেলার চকশ্যামনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নতুন শিক্ষার্থীদের বরণ করে নিতে এক আনন্দঘন ‘শিশুবরণ’ উৎসব অনুষ্ঠিত হয়েছে। মানব উন্নয়ন কেন্দ্র (মউক)-এর আয়োজনে এবং গণসাক্ষরতা অভিযান-এর সহযোগিতায় এই ব্যতিক্রমী কর্মসূচি পালন করা হয়।

আজ বুধবার সকালে বিদ্যালয় প্রাঙ্গণে আয়োজিত এই অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, অত্র বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোছা: হালিমা খাতুন। অনুষ্ঠানে প্রধান অতিথি ও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মউকের প্রতিনিধি দল, বিদ্যালয়ের সহকারী শিক্ষকবৃন্দ এবং অভিভাবকগণ।

অনুষ্ঠানের শুরুতেই নতুন ভর্তি হওয়া শিশুদের ফুল দিয়ে বরণ করে নেওয়া হয় এবং তাদের মিষ্টিমুখ করানো হয়। প্রোগ্রাম ম্যানেজার

কাজল রেখা বলেন, “একটি শিশুও যেন স্কুল থেকে ঝরে না পড়ে, সেই লক্ষ্যে আমরা কাজ করছি। মউক ও গণসাক্ষরতা অভিযানের এই উদ্যোগ শিশুদের পড়াশোনায় আরও আগ্রহী করে তুলবে।”

উৎসবের মূল আকর্ষণ ছিল খুদে শিক্ষার্থীদের পরিবেশনায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। শিশুদের নাচ ও গানে পুরো বিদ্যালয় প্রাঙ্গণে উৎসবের আমেজ ছড়িয়ে পড়ে। অনুষ্ঠান শেষে মউক ও গণসাক্ষরতা অভিযানের পক্ষ থেকে শিশুদের হাতে বিভিন্ন শিক্ষা উপকরণ ও উপহার সামগ্রী তুলে দেওয়া হয়।

উপস্থিত অভিভাবকরা এই উদ্যোগের প্রশংসা করে বলেন, কলেজের নবীন বরণের মতো ছোট শিশুদের এভাবে বরণ করে নেওয়া সত্যিই প্রশংসনীয়, যা শিশুদের মেধা বিকাশে ও স্কুলমুখী করতে সহায়ক হবে।

আমঝুপিতে মউকের উদ্যোগে মানববন্ধন ও র্যালি

মেহেরপুরের আমঝুপিতে “নির্যাতনের শিকার ব্যক্তিদের পুনর্বাসন, ন্যায়বিচার এবং ক্ষতিপূরণ” শীর্ষক এক মানববন্ধন ও র্যালি অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার (২৬ জুন) সকাল ১০টায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর প্রধান কার্যালয়ের সামনে এই কর্মসূচি পালিত হয়।

আন্তর্জাতিক নির্যাতনের শিকার ব্যক্তিদের পুনর্বাসন কাউন্সিলের পরামর্শে এবং ঢাকাস্থ বাংলাদেশ মানবাধিকার সুরক্ষা কমিটি-২ ও মানবাধিকার উন্নয়ন কেন্দ্রের কারিগরি সহায়তায় ও প্রত্যক্ষ উদ্যোগে এবং মানব উন্নয়ন কেন্দ্রের (মউক) আয়োজনে এই কর্মসূচি বাস্তবায়ন করা হয়।

এই কর্মসূচির মূল উদ্দেশ্য ছিল পারিবারিক, সামাজিক, রাজনৈতিক ও প্রশাসনিক কারণে নির্যাতনের শিকার ব্যক্তিদের প্রতি সহানুভূতি প্রকাশ এবং তাদের পুনর্বাসন, ন্যায়বিচার ও ক্ষতিপূরণ পাওয়ার

অধিকার সম্পর্কে জনসচেতনতা সৃষ্টি করা।

বক্তারা বলেন, মতের অমিল, ভিন্ন মতাদর্শ, রাজনৈতিক বিরোধিতা কিংবা স্বৈরাচারী মানসিকতার ব্যক্তি, রাজনৈতিক প্রতিপক্ষ বা অতীতে কিছু উচ্চাকাঙ্ক্ষী আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যদের দ্বারা অনেকেই সামাজিক, মানসিক ও শারীরিক নির্যাতনের শিকার হয়েছেন। চাঁদাবাজি, হুমকি, অপহরণ, গুম ও হত্যার মতো ঘটনা ঘটেছে, যার প্রভাব ভুক্তভোগী ছাড়াও তার পরিবারের উপরও পড়ে।

মানবাধিকারকর্মী মোছা. ফাহিমা আক্তারের নেতৃত্বে আয়োজিত এই মানববন্ধন ও র্যালিতে মেহেরপুরের সুশীল সমাজের প্রতিনিধি, নির্যাতনের শিকার ব্যক্তিদের কাউন্সেলিংয়ে নিয়োজিত সমাজকর্মী এবং মউকের বিভিন্ন পর্যায়ের কর্মীবৃন্দসহ প্রায় অর্ধশতাধিক মানুষ অংশগ্রহণ করেন।

আমঝুপিতে সরকারি বই বিক্রির প্রতিবাদ ও মউকের নির্বাহীকে গ্রেফতারের দাবিতে মানববন্ধন

মেহেরপুর সদর উপজেলার আমঝুপির বেসরকারি সংগঠন মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর বিরুদ্ধে সরকারি বই বিক্রির অভিযোগ ও ৪৮ ঘন্টার মধ্যে প্রতিষ্ঠান প্রধানের গ্রেফতারের দাবিতে মানববন্ধন করেছে আমঝুপির ছাত্র-ছাত্রী, অভিভাবক ও সুশীল সমাজ।

আজ মঙ্গলবার (২০ই মে) সকালে আমঝুপি বাজারে এই মানববন্ধন অনুষ্ঠিত হয়। মানববন্ধনে সদর উপজেলার শিক্ষক কমিটির সভাপতি ফয়জুল কবির, আমঝুপি আইডিয়াল স্কুলের প্রধান শিক্ষক মারুফ আহমেদ, সহকারী প্রধান শিক্ষক আবুল কালাম আজাদ, সুশীল সমাজের প্রতিনিধি আঃ রাজ্জাক, ছাত্র সমাজের প্রতিনিধি ফজলে রাব্বী, অভিভাবক এর পক্ষে তারিখ, আশিক, নাহিদ , নাছিমসহ স্থানীয় শিক্ষার্থী ও সুশীল সমাজের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

মানববন্ধনে বক্তারা বলেন, তৃণমূল মডেল একাডেমী ও উপানুষ্ঠানিক শিক্ষা প্রকল্পের নতুন বই নিয়মবহির্ভূত ভাবে বিক্রয়, মানব উন্নয়ন কেন্দ্র (মউক) শিক্ষা প্রকল্পের অনিয়ম ও দুর্নীতির অভিযোগ তুলে ধরেন।

বক্তারা বলেন, মানব উন্নয়ন কেন্দ্র (মউক) যে বিচার করে তার কোন অধিকার তাদের নেই। বিচারের নামে তারা অর্থ আত্মসাৎ করে। তার কোন আইনি বৈধতা আছে কিনা তা নিয়ে প্রশ্ন তুলেছেন।

তারা মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর নির্বাহী প্রধানকে অতিসত্বর গ্রেপ্তারের দাবি জানান, তা না হলে আগামীতে বৃহৎ পরিসরে আন্দোলনের হুঁশিয়ারি দেন।

মেহেরপুরে মানবাধিকার সংগঠন মউক এর সাধারণ সভা

স্থানীয় মানবাধিকার সংগঠন মানব উন্নয়ন কেন্দ্রের “মউক” ৫৫ তম সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার বেলা ৩ টার দিকে মানব উন্নয়ন কেন্দ্রের “মউক” হলরুমে এ সাধারণ সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন মউক এর নির্বাহী পরিষদের সভাপতি মোঃ ছায়ফুল ইসলাম। সভায় বার্ষিক রিপোর্ট পেশ করেন সংস্থার সাধারণ সম্পাদক ও নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম।

সভায় আগামী ৩ বছরের জন্য ৭ সদস্য বিশিষ্ট নির্বাহী পরিষদ গঠিত হয়, মোঃ ছায়ফুল ইসলামকে সভাপতি ও আশাদুজ্জামান সেলিমকে সাধারণ সম্পাদক পদে সদস্যদের সরাসরি প্রস্তাবে নির্বাচিত করা হয়।

সভায় বিভিন্ন বিষয়ে পর্যালোচনায় অংশগ্রহণ করেন পরিষদের সদস্য সাদ আহাম্মদ, মুরাদ হোসেন ও সানজিদা কাজল। সংস্থার বর্তমানে বিভিন্ন বাস্তবায়িত কর্মসূচি গুলি নিয়ে পর্যালোচনাসহ আগামীতে বিভিন্ন উন্নয়ন মুলক কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নের কর্মসুচি গ্রহন করা হয়। সাধারণ সভায় সংস্থার সকল সদস্যগণ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে উপানুষ্ঠানিক শিক্ষা প্রকল্পের শিক্ষক ও সুপারভাইজারদের মাসিক সমন্বয় সভা

উপানুষ্ঠানিক শিক্ষা অধিদপ্তরের আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন কর্মসুচীর আওতায় মেহেরপুর সদর উপজেলার শিক্ষক ও সুপারভাইজারদের নিয়ে মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার সকাল ১০ টার দিকে আমঝুপিতে মউকের হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়।

মউকের নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিমের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সহকারী পরিচালক শেখ সুরুজ্জামান। অন্যদের মধ্যে বক্তব্য দেন, সিনিয়র প্রোগ্রাম ম্যানেজার মুরাদ হোসেন। কর্মসুচীর ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার সাদ আহম্মেদ।

সভায় বর্তমান শিখন কেন্দ্র গুলোর শিখন শেখানো অবস্থা, কেন্দ্রের পড়া লেখার মান যাচাইসহ কেন্দ্রের পরিবেশ ও ছাত্র ছাত্রীর উপস্থিতি বিষয়ে আলোচনা করা হয়। মেহেরপুর সদর উপজেলার ৭০ জন শিখন কেন্দ্রের শিক্ষক ও সুপারভাইজারগণ অংশগ্রহণ করেন।

উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সহযোগিতায় মানব উন্নয়ন কেন্দ্র মউক মেহেরপুর জেলায় আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন কর্মসুচী বাস্তবায়ন করছে।

[redacted] [redacted] “[redacted] [redacted]”

[redacted] [redacted] [redacted], [redacted] [redacted] [redacted] [redacted], [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] (№ [redacted]) [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] (ГПК) [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted]: [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]: [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted], [redacted] [redacted], [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted], [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

আবু বক্করের মৃত্যুর পরে পরিবারে থাকা ৩ কন্যা সন্তান এতিম হয়ে পড়ে। স্ত্রী পারভিনা খাতুন অসুস্থ হয়ে বছর তিন আগে মারা যায়।

পরিবারের ৩ কন্যা সন্তান পিতা-মাতা মারা যাওয়ায় এতিম অবস্থায় চরম অসহায় অবস্থায় মানবেতর ভাবে বাড়িতে অবস্থান করছে। বাড়ীর বড় মেয়ে আয়শার বিয়ে হলে ও মেজো মেয়ে আমেনা আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ের দশম শ্রেণীর ছাত্রী, ছোট মেয়ে মরিয়ম আমঝুপি আলীম মাদ্রাসার ৪র্থ শ্রেণীতে পড়ে।

মানবধীকার সংগঠন মানব উন্নয়ন কেন্দ্র মউক এর নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম ও মানবতার চোখের পক্ষে থেকে আজ বৃহস্পতিবার বিকাল ৫টার দিকে অসহায় পরিবারের শিশুদের মাঝে ঈদের নতুন জামা কাপড় ও ঈদের খাদ্যে সামগ্রী তুলে দেন। এ সময়ে ইউপি সদস্য মকবুল হোসেন উপস্থিত ছিলেন।